

ট্রেজারার নেতৃত্বে আগামীকাল জবির হল উদ্ধার হবে

মামুন শেখ, জবি সংবাদদাতা

প্রকাশিত: ১৬:১৮, ১২ আগস্ট ২০২৪



জগন্নাথ বিশ্ববিদ্যালয়

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক ড. হুমায়ুন কবীর চৌধুরীর নেতৃত্বে আগামীকাল বিশ্ববিদ্যালয়ের দখলকৃত হল উদ্ধার করা হবে।

UNIBOTS

সোমবার (১২ আগস্ট) জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের প্রধান সমন্বয় নূর নবী এ কথা বলেন।

একসময় তিনি আরও বলেন, ট্রেজারার মহোদয় তিনি তার স্বপদে বহাল থাকবেন। তার নেতৃত্বে আগামীকাল মঙ্গলবার সকাল ১০টায় হল আন্দোলন শুরু হবে। বিশ্ববিদ্যালয়ের সকল শিক্ষক, শিক্ষার্থী ও কর্মকর্তা-কর্মচারীদের এই আন্দোলনের আহবান জানান তিনি।

আমরা আশাকরি শিক্ষার্থীদের ১৩ দফা ট্রেজারার মহোদয় মেনে নিবেন। ইতিমধ্যে তিনি আমাদের ১৩ দফা শুনেছেন। মেনে নেওয়ার আশ্বাস দিয়েছেন।